

## আন্তর্জাতিক

# শিশুর সতর্কবার্তায় আগুন থেকে রক্ষা পেল পুরো পরিবার

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



রাতে পুরো পরিবার একসাথে রাতের খাবার খাচ্ছিল। হঠাৎই ঘরের ভেতর আগুনের শিখা দেখতে পায় পরিবারের এক শিশু। মুহূর্তেই চিৎকার করে সবাইকে সতর্ক করে দেয় সে। শিশুর এই তাৎক্ষণিক তৎপরতায় এক ভয়াবহ অগ্নিকাণ্ড থেকে অলৌকিকভাবে প্রাণ বেঁচেছে তিন শিশুসহ একই পরিবারের সাত সদস্যের।

ভারতের হায়দরাবাদের মেহদিপ্যাটনামের বিজয়নগর কলোনিতে অবস্থিত [এফএইচএএস রেসিডেন্স]র পাঁচতলার একটি ফ্ল্যাটে গত শনিবার রাতে এ দুর্ঘটনা ঘটে। চার-পাঁচ বছর আগে নির্মিত এই পাঁচতলা আবাসিক ভবনটিতে প্রায় ৫০ জন বাসিন্দা বসবাস করেন।

হায়দরাবাদের ডিস্ট্রিক্ট ফায়ার অফিসার টি ভেক্সান্না জানান, ফায়ার সার্ভিসের কর্মীরা পৌঁছানোর আগেই সাতজন সদস্য নিরাপদে ভবনের নিচে নেমে আসেন। ফায়ার সার্ভিস দ্রুত পৌঁছায় এবং আগুনটি শুধু ওই ফ্ল্যাটের মধ্যেই সীমাবদ্ধ রাখতে সক্ষম হয়। ফলে ভবনের অন্য ফ্ল্যাটগুলোতে আগুন ছড়ায়নি।

ক্ষতিগ্রস্ত পরিবারটি জানিয়েছে, আগুনে তাদের একটি শোবার ঘর সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে গেছে। ঘরের আসবাবপত্র, টেলিভিশন, আলমারি, গৃহস্থালি জিনিসপত্র ও গুরুত্বপূর্ণ নথিপত্রের পাশাপাশি প্রায় ১৫ ভরি সোনা ও অন্যান্য অলঙ্কার নষ্ট হয়ে গেছে। তবে ক্ষয়ক্ষতির সঠিক আর্থিক পরিমাণ এখনও নির্ধারণ করা সম্ভব হয়নি।

জরুরি ফোন পাওয়ার পর আম্বারপেট, অ্যাসেম্বলি এবং গাওলিগুড়া ফায়ার স্টেশন থেকে ফায়ার সার্ভিসের চারটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছায়। বাতাস থাকায় আগুন ছড়িয়ে পড়ার ঝুঁকি থাকলেও ফায়ার ফাইটাররা প্রায় এক ঘণ্টা চেষ্টা চালিয়ে আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে আনেন।

প্রাথমিক তদন্তের ভিত্তিতে ফায়ার সার্ভিসের কর্মকর্তারা ধারণা করছেন, শোবার ঘরের একটি সুইচবোর্ড প্যানেলে শর্ট সার্কিট থেকে এই আগুনের সূত্রপাত হয় এবং তা দ্রুত আসবাবপত্রে ছড়িয়ে পড়ে। দুর্ঘটনায় কেউ আহত বা নিহত হননি বলে নিশ্চিত করেছে ফায়ার সার্ভিস।

## এ বিভাগের আরও খবর



ছবিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের  
ইরান-সমর্থিত ইয়েমেনের ছবি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি  
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে হুথিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত  
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইরানের হুথিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...



ভ্রমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর  
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরদে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/shishur-strkbartay-agun-theke-rksha-pel-puro-pribar>